গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সমন্বয় শাখা
www.plandiv.gov.bd

স্মারক নং-২০.০০.০০০০.৩৩২.১৬.০০৪.২৩-৫৫

তারিখ: ০৪ চৈত্র ১৪৩০ / ১৮ মার্চ ২০২৪

বিষয় : পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটের তথ্য অধিকার কর্ণারের নির্ধারিত বক্সে (RTI) প্রকাশ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য অধিকার বিষয়ে ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনার ২.৩ অনুযায়ী পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটের তথ্য অধিকার কর্ণারের নির্ধারিত বক্সে (RTI) প্রকাশ করা প্রয়োজন।

২। পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটের তথ্য অধিকার কর্ণারের নির্ধারিত বক্সে (RTI) আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: এক পাতা (প্রচারপত্র)।

(মোঃ আনোয়ার উজ জামান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৪৮১১৩৩৫১
E-mail: dsplandivco@gmail.com

সিনিয়র সিস্টেম এনালিস্ট
আইসিটি সেল
পরিকল্পনা বিভাগ, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. উপসচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
২. সিনিয়র সচিবের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. অতিরিক্ত সচিব (এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. যুগ্মসচিব (সমন্বয়) এর ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, ঢাকা (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. অফিস কপি/সংশ্লিষ্ট নথি।

তথ্য আমার অধিকার
জানা আছে কি সবার

তথ্যই শক্তি

আপনি জানেন কি?

তথ্য অধিকার আইন, ২০০৯ আপনাকে সরকারি এবং বেসরকারি প্রতিষ্ঠান থেকে তথ্য প্রাপ্তির অধিকার প্রদান করেছে

তথ্য প্রাপ্তির নিয়মাবলি:

- তথ্য প্রাপ্তির জন্য নির্দিষ্ট ফরমেটে সরাসরি অথবা ই-মেইলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট আবেদন করতে হবে;
- দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তথ্য প্রাপ্তির আবেদন পাওয়ার ২০ (বিশ) কার্যদিবসের মধ্যে, ক্ষেত্র বিশেষে অনধিক ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে আবেদনকারীকে তথ্য প্রদান করতে হবে;
- কোন কারণে তথ্য প্রদানে অপারগ হলে আবেদন প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে **আবেদনকারীকে অবহিত করতে** হবে;
- আবেদনকারী নির্ধারিত সময়সীমার মধ্যে তথ্য লাভে ব্যর্থ হলে পরবর্তী ৩০ (ত্রিশ) **দিনের** মধ্যে আপীল কর্তৃপক্ষের নিকট **নির্ধারিত ফরমে** আপীল করতে পারবেন;
- **তথ্য অধিকার আইন ব্যবহার করে সমাজ-রাষ্ট্রে দুর্নীতি হ্রাস এবং স্বচ্ছতা, জবাবদিহি ও সুশাসন প্রতিষ্ঠা করা প্রতিটি নাগরিকের দায়িত্ব;**
- আপীল কর্তৃপক্ষ আবেদন প্রাপ্তির পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে আপীল নিষ্পত্তি করবেন;
- আপীল কর্তৃপক্ষের নিকট হতে নির্ধারিত সময়সীমার মধ্যে আপীলকারী তথ্য না পেলে বা আপীলের সিদ্ধান্তে সংক্ষুব্ধ হলে পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করতে পারেন।

পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়